অংশীজন সম্মেলনের আয়োজন

নয়াদিল্লি, ৭ জুলাই: ডেডিকেটেড ফ্রেইট করিডর কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড নয়াদিল্লির ইন্ডিয়া (ডিএফসিসিআইএল) হ্যাবিট্যাট সেন্টারে প্রস্তাবিত পূর্ব-পশ্চিম ডেডিকেটেড ফ্রেইট করিডরের অর্থায়ন ও নির্মাণ সংক্রান্ত একটি স্টেকহোল্ডার (অংশীজন) সম্মেলনের আয়োজন করে। এই সম্মেলনে ডেভেলপার, জমির মালিক, বিনিয়োগকারী, আর্থিক প্রতিষ্ঠান এবং সম্ভাব্য দরদাতারা একত্রিত হন, এর উদ্দেশ্য ছিল অংশীজনদের সাথে আলোচনার সুযোগ তৈরি করা এবং প্রকল্পের বাস্তবায়ন কাঠামো ও অর্থায়নের সম্ভাবনা নিয়ে পর্যালোচনা করা। সম্মেলনটি পরিচালনা করেন ডিএফসিসিআইএলের ম্যানেজিং ডিরেক্টর প্রবীণ কুমার, রেলওয়ে বোর্ডের প্রিন্সিপাল এক্সিকিউটিভ ডিরেক্টর (অবকাঠামো) শ্যামসুন্দর গুপ্তা, ডিএফসিসিআইএলের ডিরেক্টর (অর্থ) বি মুগুনথান এবং রেলওয়ে বোর্ডের এক্সিকিউটিভ ডিরেক্টর (অর্থ/আরএম ও পিপিপি) রাহুল কপুর। এক্সিকিউটিভ ডিরেক্টর (অ্যাসেট ম্যানেজমেন্ট) অজয় কুমার এবং এক্সিকিউটিভ ডিরেক্টর (অর্থ) সঞ্জীব গুপ্তার আহ্বানে আয়োজিত এই সম্মেলনে আরও উপস্থিত ছিলেন ডিরেক্টর (অপারেশনস অ্যান্ড বিজনেস ডেভেলপমেন্ট) শ্রী শোভিত ভাটনগর, ডিরেক্টর (অবকাঠামো) শ্রী অনুরাগ শর্মা; ডিরেক্টর (প্রজেক্ট প্ল্যানিং) পবন কে রাই এবং ডিএফসিসিআইএলের ঊর্ধ্বতন কর্মকর্তারা। আলোচনায়

হাইব্রিড অ্যানুইটি মডেলের আওতায় ইডব্লিউডিএফসির অর্থায়ন কাঠামো, নির্মাণ কৌশল, অংশীজনদের অংশগ্রহণ এবং বাস্তবায়নের রূপরেখার ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়। এই মতবিনিময়মূলক অধিবেশনটি অংশীজনদের বিভিন্ন প্রশ্নের উত্তর জানা, মূল্যবান মতামত আদান-প্রদান এবং ভারতের পরবর্তী প্রজন্মের ফ্রেইট করিডর সময়মতো গড়ে তোলার লক্ষ্যে সহযোগিতামূলক প্রচেষ্টা জোরদার করার একটি মঞ্চ হিসেবে কাজ করে। সম্মেলনটিতে বিভিন্ন ক্ষেত্রের অংশীজনদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ দেখা যায়, এদের মধ্যে ছিলেন শীর্ষস্থানীয় অবকাঠামো ডেভেলপার, ইপিসি ঠিকাদার, লজিস্টিকস ও বন্দর পরিচালনাকারী সংস্থা, রোলিং স্টক ও রেল প্রযুক্তি কোম্পানি, আর্থিক প্রতিষ্ঠান, বহুপাক্ষিক সংস্থা, অবকাঠামো খাতের বিনিয়োগকারী, রেটিং এজেন্সি এবং পরামর্শকগণ। এই সম্মেলনে অংশগ্রহণকারী বিশিষ্ট সংস্থাগুলোর মধ্যে ছিল লারসেন অ্যান্ড টুব্রো, আফকনস ইনফ্রাস্ট্রাকচার, টাটা প্রজেক্টস, ইরকন ইন্টারন্যাশনাল, রেল বিকাশ নিগম লিমিটেড, রাইটস লিমিটেড, জিআর ইনফ্রা প্রজেক্টস, অশোকা বিল্ডকন, মেঘা ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচারস লিমিটেড, হিন্দুস্তান কনস্ট্রাকশন কোম্পানি, কল্পতরু প্রজেক্টস ইন্টারন্যাশনাল, কেইসি ইন্টারন্যাশনাল, জিপিটি ইনফ্রাপ্রজেক্টস, দীনেশচন্দ্র আর. আগরওয়াল ইনফ্রাকন প্রাইভেট লিমিটেড, জিএমআর গ্রুপ এবং হিন্দালকো ইন্ডাস্ট্রিজ। এছাড়া লজিস্টিকস ও পণ্য পরিবহন খাতের প্রতিনিধিরাও, যেমন কন্টেইনার কর্পোরেশন অফ ইন্ডিয়া, আদানি রোড ট্রান্সপোর্ট লিমিটেড এবং ডিপি ওয়ার্ল্ড, এই আলোচনা প্রক্রিয়ায় অংশ নেন। সম্মেলনে অবকাঠামো খাতের বিনিয়োগকারী এবং পরামর্শক সংস্থাগুলোও উপস্থিত ছিল, এদের মধ্যে উল্লেখযোগ্য হলো ন্যাশনাল ইনভেস্টমেন্ট অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ফান্ড, সিডিপিকিউ ইন্ডিয়া, মরগান স্ট্যানলি ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট, ইওয়াই, পিডব্লিউসি, সিমেন্স ফাইন্যান্সিয়াল সার্ভিসেস, আইসিআরএ, কেয়ার রেটিংস, ক্রিসিল এবং ইন্ডিয়া রেটিংস অ্যান্ড রিসার্চ।

মুষলধারে বৃষ্টিতে জলমগ্ন দিল্লি

নয়াদিল্লি, ৯ জুলাই: রাজধানী দিল্লিতে চলছে বর্ষার বৃষ্টি। মুষলধারে বৃষ্টিতে দিল্লির নানা স্থান জলমগ্ন হয়ে পড়েছে। আবার দিল্লির ইস্ট অফ কৈলাশ এলাকায় প্রধান সড়কের ওপর একটি বড় গাছ উপড়ে পড়ে। এর ফলে যান চলাচল ব্যাহত হয়েছে। বৃষ্টিপাতের ফলে সঙ্গম বিহারের শনি বাজার রাস্তায় জল জমেছে। বুরারি এলাকায় জলমগ্ন। দিল্লিতে টানা বৃষ্টি অব্যাহত থাকায় তাপমাত্রাও অনেকটাই কমেছে। শুধু দিল্লি নয়, বৃষ্টি হচ্ছে উত্তর প্রদেশেও। বৃহস্পতিবার ভারী বৃষ্টি হয়েছে উত্তর প্রদেশের গাজিয়াবাদ, শামলি, প্রতাপগড়ে। বুধবার সকাল থেকে থেমে থেমে হওয়া বৃষ্টির ফলে গাজিয়াবাদের বিজয় নগর আন্ডারপাসে জল জমে গিয়েছে। যার ফলে বিজয় নগরের দিকে যাতায়াতকারী যাত্রীরা ভোগান্তির শিকার হয়েছেন। ভারী বর্ষণের ফলে ইন্দিরাপুরম এলাকায় জল জমে গিয়েছে। রাস্তাঘাট জলমগ্ন হয়ে পড়েছে।

রামমন্দিরের অনুদান বিতর্কে ভাইরাল গান, ভক্তদের মধ্যে ব্যাপক সাড়া

অযোধ্যা, ৯ জুলাই: রামমন্দিরের অনুদান (চাঁদা) ও দানের অর্থ ব্যবস্থাপনা নিয়ে রাজনৈতিক বিতর্কের আবহে একটি গান সামাজিক মাধ্যমে দ্রুত ভাইরাল হয়েছে। রামভক্তদের একাংশের দাবি, গানটি তাঁদের অবস্থানকে তুলে ধরছে এবং ব্যাপক সমর্থন পাচ্ছে। গানের কথায় বলা হয়েছে, 'মন্দিরও আমাদের, দানও আমাদের, তোমাদের উদ্দেশ্য আমরা বুঝে গিয়েছি। চাঁদা সংক্রান্ত অভিযোগের জবাব রামভক্তরাই দেবেন, এতে রামদ্রোহীদের কী কাজ?' এই বার্তাকে কেন্দ্র করেই গানটি বিভিন্ন সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়েছে। গানটিতে বিরোধী দলগুলির বিরুদ্ধে কড়া রাজনৈতিক আক্রমণ করা হয়েছে। সেখানে দাবি করা হয়েছে, যাঁরা একসময় রামজন্মভূমি আন্দোলন, ভগবান রামের অস্তিত্ব এবং রামমন্দির নির্মাণ নিয়ে প্রশ্ন তুলেছিলেন, তাঁরাই এখন মন্দিরের অনুদানকে ইস্যু করছেন। হোয়াটসঅ্যাপ, ফেসবুক-সহ বিভিন্ন সামাজিক মাধ্যমে ভাইরাল হওয়া এই গানে বলা হয়েছে, রামমন্দিরের অনুদান এবং তা-সংক্রান্ত বিষয়ের জবাব রামভক্তরাই দেবেন। গানে বিরোধীদের 'রামদ্রোহী' বলে উল্লেখ করে দাবি করা হয়েছে, এই বিষয়ে প্রশ্ন তোলার নৈতিক অধিকার তাঁদের নেই। পাশাপাশি রামজন্মভূমি আন্দোলন, আদালতে দীর্ঘ আইনি লড়াই এবং মন্দির নির্মাণের সংগ্রামের কথাও গানের কথায় উঠে এসেছে। গানটির মাধ্যমে বিরোধীদের উদ্দেশে প্রশ্ন তোলা হয়েছে, যাঁরা একসময় রামকে কাল্পনিক বলে দাবি করেছিলেন এবং তাঁর অস্তিত্ব নিয়েই প্রশ্ন তুলেছিলেন, তাঁদের এখন রামমন্দিরের অনুদান নিয়ে প্রশ্ন তোলার নৈতিক অধিকার কীভাবে থাকে? রামভক্ত মণীশ শুক্লের দাবি, এই গান বিরোধীদের অভিযোগের যথাযথ জবাব। অন্যদিকে সমালোচকদের একাংশের মতে, গানটি রাজনৈতিক মেরুকরণকে আরও উসকে দেওয়ার প্রচেষ্টা। গানটি ভাইরাল হওয়ার পর সামাজিক মাধ্যমে দু'পক্ষের সমর্থকদের মধ্যে তীব্র বিতর্ক শুরু হয়েছে। প্রবীণ সাংবাদিক সিয়ারাম পাণ্ডের মতে, অযোধ্যার শ্রীরামমন্দিরে যা কিছু ঘটেছে, তা দুঃখজনক এবং ভবিষ্যতে তার পুনরাবৃত্তি হওয়া উচিত নয়। তবে সেই ঘটনাকে কেন্দ্র করে অযোধ্যা, শ্রীরামমন্দির বা ভারতীয় সংস্কৃতির ওপর আক্রমণ করাও সমীচীন নয়। তাঁর বক্তব্য, রামমন্দির-সংক্রান্ত বিষয় বরাবরই রাজনৈতিক আলোচনার কেন্দ্রে ছিল। তাই এই গানকে সামাজিক মাধ্যমে একটি নতুন রাজনৈতিক বয়ান প্রতিষ্ঠার প্রচেষ্টা হিসেবেও দেখা হচ্ছে।

ইরানে ফের হামলা শুরু আমেরিকার

ওয়াশিংটন, ৯ জুলাই: নতুন করে আবারও উত্তপ্ত হয়ে উঠছে পশ্চিম এশিয়া। বুধবার মধ্যরাতে ইরানে নতুন করে হামলা চালায় আমেরিকা। হরমুজ প্রণালীর কাছে বাণিজ্যিক জাহাজে হামলার প্রত্যাঘাত শুরু করে মার্কিন বাহিনী। সে দেশের উপসাগরীয় উপকূলের কাছাকাছি দক্ষিণাঞ্চলীয় দু'টি এলাকা বন্দর আব্বাস এবং সিরিকে বিস্ফোরণের শব্দ শোনা গিয়েছে। বিস্ফোরণের শব্দ শোনা গিয়েছে কোনারাক এবং চাবাহার এলাকার কাছেও। ইরানে নতুন করে হামলা চালানোর বিষয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেন, 'আমরা তাদের ওপর ২০ গুণ বেশি শক্তিশালী আঘাত হেনেছি। প্রতিবার তারা আমাদের ওপর আঘাত করলে আমরা তাদের ওপর ২০টি আঘাত হানব। গত রাতের ঘটনার প্রতিশোধ হিসেবেই এটি করা হয়েছে। আসলে তারা দু'টি নয়, তিনটি বোটে আঘাত করেছিল। যখন তারা আঘাত করে, আমরা তার চেয়ে অনেক বেশি জোরালো ভাবে পালটা আঘাত করি।' ইরানে হামলার স্বপক্ষে আমেরিকার সেন্ট্রাল কমান্ড একটি ভিডিও প্রকাশ করেছে।

DHABLAT GRAM PANCHAYAT
Vill+P.O.- Chemaguri, P.S.- Sagar Coastal, Dist- South 24 Parganas

Memo No. 113/DGP **Date- 09/07/2026**

On behalf of Dhablat Gram Panchayat of sagar block under south 24 parganas dist. invites bids throuth open e-tender process for the vide **NIT No. 112/ DGP OF** 15th CFCG utied Under Dhablat Gram Panchayat Dated- 09-07-2026
Details are available in the website wb **tenders.gov.in**

Sd/- Pradhan
Dhablat Gram Panchayat

EGRA MUNICIPALITY
Office of the Councillors
Egra :: Purba Medinipur
Quotation Notice

Quotation are here by invited by The Chairman, Egra Municipality from the eligible tenderers, Vide NIQ No.- 01/SWM/26-27, Date- 09/07/2026 & NIQ No.- 03/Furniture/2026-2027, Date- 09/07/2026. Others details can be seen from the https//wbtenders.gov.in & Notice Board of the undersigned or website www.egramunicipality.org.in

Sd/-
Chairman,
Egra Municipality

Durgapur Municipal Corporation
City Centre, Durgapur - 713216, Dist.- Paschim Bardhaman
Notice Inviting e-Tender

1) Name of the Work: Laying for 40mm Dia PVC Pipe Line from Bardhman Misthanno Bhandar to Central Store Slum, Benechity Ward No.- 17, under DMC.
e-Tender No. : WBDMC/COMM/WS/NIT-220/25-26 (2nd Call)
Tender ID : 2026_MAD_5016555_1 • Estimated Amount : 1,53,070/-
Last Date : 18th July 2026, 05:00 pm
2) Name of the Work: Construction of new Drain at Sukantapally (W), Dhandabad Ward- 16, under DMC.
e-Tender No. : WBDMC/DRGSW/NIT-09/26-27
Tender ID : 2026_MAD_5016559_1 • Estimated Amount : 56,104/-
Last Date : 18th July 2026, 05:00 pm
3) Name of the Work: Improvement of illumination with Steel Tubular Pole, LED Fittings LT/OH Un-Armoured Cable Street at Santiban Park beside Ishayu Apartment under Ward No.- 30 of Durgapur Municipal Corporation.
e-Tender No. : WBDMC/PW/ELEC/NIT-134/25-26 (2nd Call)
Tender ID : 2026_MAD_5016571_1 • Estimated Amount : 1,36,227.00/-
Last Date : 18th July 2026, 05:00 pm
4) Name of the Work: Improvement of illumination with LED Street Light Fittings, U/G Cable & Steel Tubular Pole at Vidyasagar Pally Pipe Para under Ward No.- 41 of Durgapur Municipal Corporation.
e-Tender No. : WBDMC/PW/ELEC/NIT-137/25-26 (2nd Call)
Tender ID : 2026_MAD_5016597_1 • Estimated Amount : 1,34,629.00/-
Last Date : 18th July 2026, 05:00 pm
5) Name of the Work: Change of Faulty Cable & Replacement of Damage Pole Box for Street Light at the Main Road near Raghunathpur Village, Shyam Ferro Truck Terminus, Nayek Bandh Grill Shop and other places within Ward No.- 01, under DMC.
e-Tender No. : WBDMC/PW/ELEC/NIT-138/25-26 (2nd Call)
Tender ID : 2026_MAD_5016577_1 • Estimated Amount : 2,18,687.00/-
Last Date : 18th July 2026, 05:00 pm
For details : **tenders.wb.gov.in**
Sd/- Executive Engineer
Durgapur Municipal Corporation

খড়গপুর ডিভিসনে ক্যাটারিং ইউনিটের চুক্তিস্বত্বের ই-নিলাম বিজ্ঞপ্তি

ই-টেন্ডার নোটিস নং কেজিপি/সিএটিজি/২০২৬ **তারিখ ০৮.০৭.২০২৬**

ভারতের রাষ্ট্রপতির জন্য ও পক্ষে, সিনিয়র ডিভিসনাল কমার্শিয়াল ম্যানেজার, খড়গপুর, দক্ষিণ পূর্ব রেলওয়ে কর্তৃক ● ০৫ (পাঁচ) বছরের মেয়াদের জন্য খড়গপুর ডিভিসনের ঝাড়গ্রাম (১টি), বীরশিবপুর (১টি), মৌরীগ্রাম (১টি), মেচেদা (২টি), উলুবেড়িয়া (১টি), সাঁতরাগাছি (৩টি) এবং শালিমার (৩টি) রেলওয়ে স্টেশনে ক্যাটারিং ইউনিটের ব্যবস্থা করতে **ক্যাটালগ নং ঃ সিএটিজি-কেজিপি-২৬-০২, নিলামের তারিখ ঃ ২৯.০৭.২০২৬, নিলাম শুরু/বন্ধের সময় ঃ যথাক্রমে সকাল ১১টা এবং দুপুর ১টা ২০ মিনিটের** মাধ্যমে ই-নিলাম ক্যাটালগ প্রকাশ করা হয়েছে। ● ০৫ (পাঁচ) বছরের মেয়াদের জন্য খড়গপুর ডিভিসনের চাকুলিয়া (১টি), মারকোনা (২টি), রূপসা (১টি), হলদিপদা (১টি), খন্তাপড়া (২টি), বেতনটী (১টি), দেশপ্রাণ (২টি), ধলভূমগড় (১টি), বাহানগা বাজার (২টি), কোকপাড়া (১টি), গিধনি (১টি), রামনগর বেঙ্গল (২টি), বেনাপুর (১টি), গালুডি (১টি), ভঞ্জপুর (১টি), বারিপদা (১টি), নন্দকুমার (২টি), ঘাটশিলা (১টি), নারায়ণগড় (১টি), বাখরাবাদ (১টি), রানীতাল (২টি), লক্ষণনাথ রোড (১টি), রাখা মাইনস (১টি), বস্তা (১টি), জলেশ্বর (২টি) এবং অমর্দা রোড (১টি) রেলওয়ে স্টেশনে ক্যাটারিং ইউনিটের ব্যবস্থা করতে **ক্যাটালগ নং ঃ সিএটিজি-কেজিপি-২৬-এ-২, নিলামের তারিখ ঃ ৩০.০৭.২০২৬, নিলাম শুরু/বন্ধের সময় ঃ যথাক্রমে সকাল ১০টা এবং বিকেল ৪টের** মাধ্যমে ই-নিলাম ক্যাটালগ প্রকাশ করা হয়েছে। ● ০৫ (পাঁচ) বছরের মেয়াদের জন্য খড়গপুর ডিভিসনের ঠাকুরতোটা (১টি), রাজালুকা (১টি), কুচেই (১টি), জুগপুরা (১টি), বুঢ়ামরা (১টি), সাঁতরাগাছি (১টি), রূপসা (১টি), জামশোল (১টি), বাদলপুর (১টি), কৃষ্ণচন্দ্রপুর (১টি), টিকরা (১টি), কানিমহুলি (১টি), শহীদ মাতঙ্গিনী (১টি), দাঁতন (১টি), নেকুরসেনি (১টি), আশাপূর্ণা দেবী (১টি), জলেশ্বর (১টি), খাটকুরা (১টি), হেঁড়িয়া (১টি), শীতলপুর বেঙ্গল (১টি), জোগল (১টি), নাচিন্দা (১টি), বন্দর (১টি), বাংরিপোষী (১টি), লবণ সত্যাগ্রহ স্মারক (১টি), সোরো (১টি), সতীশ সামন্ত (১টি), সুজলপুর (১টি), ডুঁয়া (১টি) এবং নুয়াগাঁ ময়ূরভঞ্জ রোড (১টি) রেলওয়ে স্টেশনে ক্যাটারিং ইউনিটের ব্যবস্থা করতে **ক্যাটালগ নং ঃ সিএটিজি-কেজিপি-২৬-বি-৩, নিলামের তারিখ ঃ ৩১.০৭.২০২৬, নিলাম শুরু/বন্ধের সময় ঃ যথাক্রমে সকাল ১০টা এবং বিকেল ৩টে ২০ মিনিটের** মাধ্যমে ই-নিলাম ক্যাটালগ প্রকাশ করা হয়েছে যেগুলি **https://www.ireps.gov.in** ওয়েবসাইটে বিজ্ঞাপিত হয়েছে। সংস্থা/ক্যাটারিং ঠিকাদারদের এ বিষয়ে মনোযোগ আকর্ষণ করা হচ্ছে এবং উপরোক্ত ওয়েবসাইটে ই-টেন্ডার বিজ্ঞপ্তি বিষয়ক বিশদ এবং এই সংক্রান্ত তথ্যাদি পড়ে নিতে বলা হচ্ছে। এ বিষয়ে কোনো জিজ্ঞাস্য থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে যোগাযোগ করুন।

(PR-450) **সিনিয়র ডিভিসনাল কমার্শিয়াল ম্যানেজার, খড়গপুর**

দক্ষিণ পূর্ব রেলওয়ে
প্রসন্নচিত্তে রেল পরিষেবা

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank
ইলাহাবাদ ALLAHABAD
ইন্ডিয়ান ব্যাঙ্ক
জোনাল অফিস- কলকাতা সেন্ট্রাল
১৪, ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেস,
২য় এবং ৩য় ফ্লোর, কলকাতা-৭০০০০১
স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২ এর রুল ৮(৬) ও ৬ (২)-এর বন্দোবস্তের সঙ্গে পঠিত সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল এ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি অ্যাক্ট, ২০০২ এর অধীনে স্থাবর পরিসম্পাদি বিক্রয়-এর জন্য বিক্রয় বিজ্ঞপ্তি।

সাধারণভাবে জনসাধারণকে এবং বিশেষভাবে ঋণগ্রহীতা (গণ) এবং জামিনদার(গণ)কে এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে নিচে বর্ণিত বন্ধকীকৃত/ চার্জকৃত স্থাবর/অস্থাবর সম্পত্তি যার **প্রতিকী দখল** নিয়েছেন ইন্ডিয়ান ব্যাঙ্ক এর অনুমোদিত আধিকারিক যা ঋণগ্রহীতা এবং গ্যারান্টারদের কাছ থেকে ইন্ডিয়ান ব্যাঙ্ক, সিকিউরড পাওনাদারের বকেয়া পরিমাণ আদায়ের জন্য ১৩.০৮.২০২৬ তারিখে সকাল **১১.০০ টা থেকে বিকাল ৫.০০ টা পর্যন্ত 'যেখানে যেমন আছে'**, "**সেখানে যা আছে**", এবং "**সেখানে যা কিছু আছে ভিত্তিতে**" ভিত্তিতে বিক্রি করা হবে। ই-নিলামের মাধ্যমে বিক্রির জন্য উদ্দিষ্ট সম্পত্তির সুনির্দিষ্ট বিবরণ নিচে দেওয়া হলো।

ক্র. নং.	ঋণগ্রহীতা ও শাখার নাম	স্থাবর সম্পত্তির বিশদ/বিবরণ	ক) দখলের ধরন খ) সম্পত্তির দায়বদ্ধতা গ) রিজার্ভ মূল্য ঘ) ইএমডি পরিমাণ ঙ) বিড বৃদ্ধির পরিমাণ চ) সম্পত্তি আইডি ছ) বকেয়া পরিমাণ
১.	**পার্থ প্রধান** ঠিকানা- ১) প্রযত্নে উত্তম প্রধান, ২এ, ২য় ফ্লোর, মৌচাক অ্যাপার্টমেন্ট, এনপি ৪/১৯, নেতাজি পল্লী, সারদা আশ্রমের কাছে, জ্যাংড়া, অশ্বিনীনগর, জেলা - উত্তর ২৪ পরগণা, কলকাতা - ৭০০১৫৯। ২) ফ্ল্যাট নং ২ই, ২য় ফ্লোর, আশা অ্যাপার্টমেন্ট, হোল্ডিং নং ৮৮, নবনিকেতন, জগতপুর বাজার, পোঃ - অশ্বিনীনগর, থানা - বাগুইআটি, জেলা - উত্তর ২৪ পরগণা, কলকাতা - ৭০০১৫৯। **শ্রীমতী মালা সাহা** ঠিকানা- ১) প্রযত্নে উত্তম প্রধান, ২এ, ২য় ফ্লোর, মৌচাক অ্যাপার্টমেন্ট, এনপি ৪/১৯, নেতাজি পল্লী, সারদা আশ্রমের কাছে, জ্যাংড়া, অশ্বিনীনগর, জেলা - উত্তর ২৪ পরগণা, কলকাতা - ৭০০১৫৯। ২) ফ্ল্যাট নং ২ই, ২য় ফ্লোর, আশা অ্যাপার্টমেন্ট, হোল্ডিং নং ৮৮, নবনিকেতন, জগতপুর বাজার, পোঃ - অশ্বিনীনগর, থানা - বাগুইআটি, জেলা - উত্তর ২৪ পরগণা, কলকাতা - ৭০০১৫৯। **শাখা: বি.কে. পাল এভিনিউ**	**সিইআরএসএআই আইডি- ২০০০৭৬১২৬৭৪৯** **সিকিউরিটি ইন্টারেস্ট আইডি- ৪০০০৭৪৬৩৮৬২৫** সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল স্বয়ংসম্পূর্ণ আবাসিক (লিফট সুবিধা সহ মার্বেল ফ্লোরিং) ফ্ল্যাট যার সুপার বিল্ট আপ এরিয়া ৫৫০ বর্গফুট কমবেশি, যার মধ্যে রয়েছে ১টি বেডরুম, ১টি ডাইনিং, ১টি রান্নাঘর, ১টি টয়লেট, ১টি ব্যালকনি যা ২য় ফ্লোরে দক্ষিণ-পূর্ব দিকে জি + ৫তলা বিশিষ্ট ভবনে অবস্থিত, যার নাম আশা অ্যাপার্টমেন্ট, এর সাথে আনুপাতিক অবিভক্ত, অচিহ্নিত এবং অবিভাজ্য জমির অংশ, ০৬ কাঠা, ১২ ছটাক এবং ০৫ বর্গফুটের বাস্তু জমির উপর অবস্থিত, মিউনিসিপ্যাল হোল্ডিং নং ৮৮, নবনিকেতন, পোঃ - অশ্বিনীনগর, থানা- বাগুইআটি, কলকাতা ৭০০১৫৯, **জেলা:** উত্তর ২৪ পরগণা বিধাননগর মিউনিসিপ্যাল কর্পোরেশনের অধীনে, যার **চৌহদ্দী: উত্তরে:** শ্রী কালিদাস হীরার জমি দ্বারা; **দক্ষিণে:** শ্রী কালিদাস হীরার জমি দ্বারা; **পূর্বে:** ভোলা পালের জমি দ্বারা; পশ্চিমে- ১২ ফুট চওড়া রাস্তা দ্বারা। **সম্পত্তিটি শ্রী পার্থ প্রধান এবং শ্রীমতী মালা সাহার নামে রয়েছে।**	ক) প্রতীকী দখল খ) জানা নেই গ) ১৭,৩২,০০০.০০ টাকা ঘ) ১,৭৩,২০০.০০ টাকা ঙ) ১০,০০০.০০ টাকা চ) **IDIB07603112767** ছ) ১৬,১৪,৩৯৭/- টাকা (ষোলো লক্ষ চৌদ্দ হাজার তিনশো সাতানব্বই টাকা মাত্র) এর সাথে আরও সুদ, খরচ, অন্যান্য চার্জ এবং ব্যয়।

পরিদর্শনের তারিখ : ০৬.০৮.২০২৬ থেকে ১২.০৮.২০২৬, সময়: সকাল ১০.০০ টা থেকে বিকাল ৪.০০ টা
ই-অকশনের তারিখ ও সময়: তারিখ: ১৩.০৮.২০২৬, সময়: সকাল ১১.০০ টা থেকে বিকাল ৫.০০ টা
ই-অকশন পরিষেবা প্রদানকারীর প্ল্যাটফর্ম , (১) https://www.baanknet.com

দরদাতাদের অনলাইন বিডে অংশ নিতে আমাদের ই-অকশন পরিষেবা প্রদানকারী পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ -এর পোর্টাল ওয়েবসাইট (**https:// //baanknet.com**) দেখার পরামর্শ দেওয়া হচ্ছে। প্রযুক্তিগত সহায়তার জন্য অনুগ্রহ করে পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ -এর হেল্পডেস্ক নং ৮২৯১২ ২০২২০, ইমেইল আইডি- support.BAANKNET@psballiance.com এবং পরিষেবা প্রদানকারীদের হেল্প ডেস্কে উপলব্ধ অন্যান্য হেল্প লাইন নম্বরে যোগাযোগ করুন। পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ এর সঙ্গে রেজিস্ট্রেশন স্ট্যাটাস এবং ইএমডি স্ট্যাটাসের জন্য অনুগ্রহ করে - support.BAANKNET@psballiance.com এ যোগাযোগ করুন।
সম্পত্তির বিশদ বিবরণ এবং সম্পত্তির ছবি এবং অকশনের নিয়ম ও শর্তাবলীর জন্য অনুগ্রহ করে দেখুন- https://baanknet.com
এবং এই পোর্টাল সম্পর্কিত ব্যাখ্যার জন্য, অনুগ্রহ করে পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ সঙ্গে হেল্পডেস্ক নং ৮২৯১২ ২০২২০ এ যোগাযোগ করুন।
দরদাতাদের https://baanknet.com ওয়েবসাইটে সম্পত্তি অনুসন্ধান করার সময় উপরে উল্লিখিত সম্পত্তি আইডি নম্বর ব্যবহার করার পরামর্শ দেওয়া হচ্ছে।

যোগাযোগের বিবরণ: ৯১২৩৮ ৭৪৬৮৯

দ্রষ্টব্য: এই বিজ্ঞপ্তি টি ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ)- এর ও প্রতি

তারিখ: ০৩.০৭.২০২৬, স্থান: কলকাতা — স্বা/- অনুমোদিত অফিসার, ইন্ডিয়ান ব্যাঙ্ক

সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
সেন্ট্রল বैंक ऑफ़ इंडिया
Central Bank of India
আঞ্চলিক অফিস : বাঁকুড়া
মাচানতলা, ফ্যান্সি মার্কেটের কাছে বাঁকুড়া,
পশ্চিমবঙ্গ, পিন - ৭২২ ১০১
স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

পরিশিষ্ট-IV-A [রুল ৮(৬) -এর শর্তাবলী দেখুন]

সিকিউরিটিজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস এন্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এর সঙ্গে পঠিত সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৮(৬) এর অনুবিধির অধীনে স্থাবর সম্পদ বিক্রির জন্য ই-অকশন বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্বারা সাধারণ জনগণ এবং বিশেষ করে ঋণগ্রহীতা/গণ ও জামিনদার/গণকে জানানো হচ্ছে যে, নিচে বর্ণিত স্থাবর সম্পত্তিগুলি সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক/চার্জ করা হয়েছে। এই সম্পত্তিগুলির বাস্তবিক দখল, প্রতীকী দখল (বিশেষভাবে সম্পত্তির বিপরীতে চিহ্নিত) **সেন্ট্রাল ব্যাংক অফ ইন্ডিয়া** (সুরক্ষিত ঋণদাতা)-এর অনুমোদিত অফিসার কর্তৃক নেওয়া হয়েছে। ঋণগ্রহীতা এবং জামিনদারদের কাছ থেকে সুরক্ষিত ঋণদাতার বকেয়া অর্থ আদায়ের জন্য এই সম্পত্তিগুলি "**যে অবস্থায় আছে সেই অবস্থায়**", "**যা আছে সেই অবস্থায়**" এবং "**যা কিছু আছে সেই অবস্থায়**" নিচে সম্পত্তির বিপরীতে উল্লিখিত শর্তাবলী অনুযায়ী বিক্রি করা হবে। অনুমোদিত অফিসারের সর্বোত্তম জ্ঞান ও তথ্য অনুযায়ী, সম্পত্তির উপর কোনরকম দায়বদ্ধতা নেই। তবে, আগ্রহী দরদাতাদের তাদের বিড জমা দেওয়ার আগে দায়বদ্ধতা, নিলামে তোলা সম্পত্তির স্বত্ব এবং সম্পত্তিকে প্রভাবিত করে এমন দাবি/অধিকার/বকেয়া সম্পর্কে নিজস্ব স্বাধীন অনুসন্ধান করে নিতে হবে।
সংরক্ষিত মূল্য এবং বায়না (ইএমডি) নিচে সম্পত্তির বিপরীতে উল্লিখিত আছে।

ক্র. নং	অ্যাকাউন্ট/ঋণগ্রহীতা ও জামিনদারের নাম	সম্পত্তির বিবরণ (ফ্ল্যাট / দোকান / জমি / ভবন ইত্যাদি) (সম্পত্তির আইডি)	ক) দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) বকেয়া পরিমান গ) দখলের তারিখ	সংরক্ষিত মূল্য ইএমডি বিড বৃদ্ধির পরিমাণ
১.	১. জনাব আসলাম রাজা ২. মিসেস নাজিয়া হাসান শাখা : খড়গপুর	**আসলাম রাজা,** পিতা- মৃত আফসার হোসেন, সি. এস. খতিয়ান নং ৩৩, আর. এস. খতিয়ান নং ২৯৩, সি. এস. প্লট নং ৭৩, আর. এস. প্লট নং ১৫১১, মৌজা- পাঁচবেড়িয়া মিলিক, বি. এল. এবং এল. আর. ও. সার্কেল -১, খড়্গপুর, জেলা পশ্চিম মেদিনীপুর, পৌরসভা খড়্গপুর, ওয়ার্ড নং ০২, নতুন ওয়ার্ড নং ১, হোল্ডিং নং ৭৮/৭২, জে. এল. নং ২৩৩, (ভবনের ২য় ফ্লোর)। টাইটেল